PRESENTED

828.2
0246

# প্রেসিডেন্সি কলেজ প্রাসঙ্গিকী

PRESIDENCY COLLEGE LIBRARY
PRESENTED
2 FEB 1977
CALCUTTA

## প্রতিষ্ঠাতৃ-দিবস

২০এ জানুআরি
১৯৭৭

828.2
0246

PRESIDENCY COLLEGE LIBRARY
PRESENTED
2 FEB 1977
CALCUTTA

# প্রেসিডেন্সি কলেজ প্রাসঙ্গিকী

## প্রতিষ্ঠাতৃ-দিবস, ২০এ জানুআরি ১৯৭৭

১৮১৭ খ্রীস্টাব্দের ২০এ জানুআরি প্রেসিডেন্সি কলেজের শুরু। এই দিন থেকেই ভারতবর্ষে ইংরেজি শিক্ষা ও আধুনিক যুগের সূচনা হয়েছিল। সংশয় ও উৎসাহ, আশা ও নিরাশার মধ্যেই এই কলেজের নতুন শিক্ষার ধারা এগিয়ে চলে অব্যাহত গতিতে। এর পথ কুসুমাস্তীর্ণ ছিল না; নানা ঘাতপ্রতিঘাত, উত্থানপতন ও দ্বন্দ্বের মধ্য দিয়ে এই শিক্ষার ধারা শুভকে বরণ করে নিয়েছে, এবং তারই ফলে ভারতবর্ষে জাতীয় জীবনের পরিবর্তন সাধিত হয়েছে। এই কলেজ স্থাপনের ব্যাপারে যাঁদের অক্লান্ত পরিশ্রম, উৎসাহ ও আন্তরিকতা ছিল তাঁদের আমরা ভক্তি ও শ্রদ্ধা নিবেদন করি: এই সব বরেণ্য ব্যক্তির অনলস প্রচেষ্টাতেই এই ঐতিহ্যমণ্ডিত কলেজটির প্রতিষ্ঠা সম্ভব হয়েছিল। স্যার এডওয়ার্ড হাইড ঈস্ট, বৈদ্যনাথ মুখোপাধ্যায়, জোসেফ ব্যারেটো, জে এইচ হ্যারিংটন, লেফটেন্যান্ট-কর্নেল ফ্রান্সিস আরভিন, রামদুলাল দে (সরকার), বর্ধমানের মহারাজা তেজচন্দ্র বাহাদুর, পথুরিয়াঘাটার গোপীমোহন মল্লিক প্রমুখ অনেকে এই বিদ্যায়তনটির প্রতিষ্ঠায় সহায়তা করেছিলেন।

যখন এই কলেজটি প্রতিষ্ঠিত হয়, তখন এর নাম ছিল, 'হিন্দু কলেজ'। ১৮৫৫ খ্রীস্টাব্দে হিন্দু কলেজের নাম 'প্রেসিডেন্সি কলেজে' রূপান্তরিত হয়ে নামে ও পঠন-পাঠনের ব্যাপারে সর্বজনীন হয়ে ওঠে; এই ঐতিহ্য ও ধারা এখনও অক্ষুণ্ণ। হিন্দু কলেজের পুরনো স্মৃতির বাহক হিসাবে 'হিন্দু স্কুল' নামে পৃথক বিদ্যালয়টি এখনো আছে। স্কুল বিভাগটিকে 'হিন্দু কলেজের' জুনিয়র ডিপার্টমেন্ট রূপে তখন গণ্য করা হ'ত।

ছাত্র, গবেষক ও অধ্যাপকদের মিলিত চেষ্টায়, গভীর অনুসন্ধিৎসা ও ব্যাপক জিজ্ঞাসা নিত্য নব জ্ঞানের উৎসে উচ্ছ্রিত হয়ে উঠছে এখানে। তাই নিয়তই এখানে শিক্ষা ও গবেষণা সম্প্রসারিত হচ্ছে বিভিন্ন বিভাগে। এই মিলিত কর্মযজ্ঞে অপূর্ণতার স্থান নেই, শিক্ষকের পদ তাই অপূর্ণ থাকা বাঞ্ছনীয় নয়, বিভিন্ন উপকরণের অভাব থাকাও সমীচীন নয়। এই কলেজের সকল বিভাগেই যথানিয়মে স্নাতকোত্তর শিক্ষাদান প্রবর্তন হওয়া কাম্য। এ ব্যাপারে বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের কয়েকজন সদস্য কলেজ পরিদর্শন ক'রে প্রেসিডেন্সি কলেজকে স্বয়ংসম্পূর্ণ বিদ্যায়তন ও বিশ্ববিদ্যালয়রূপে অনুমোদনের কথা ব্যক্ত করেছেন। যাতে প্রেসিডেন্সি কলেজের সকল বিভাগ একসঙ্গে স্নাতকোত্তর শিক্ষাদানের সুযোগ থেকে বঞ্চিত না হয় এবং যাতে অচিরে এই সুপ্রাচীন মহাবিদ্যায়তনটি অটোনমাস মর্যাদা পায়, সে বিষয়ে ঊর্ধ্বতন কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণ করা হয়েছে এবং হচ্ছে। আশা করা যায়, প্রেসিডেন্সি কলেজ, স্নাতকোত্তর শিক্ষাদানের ব্যাপারে, তার অতীত ঐতিহ্যের যথার্থ ধারক এবং বাহক হবে। এই সুপ্রাচীন বিদ্যায়তনটি তার গৌরবময় ঐতিহ্য সম্পর্কে তাই সদা সচেতন।

### আলোচ্য বছরে প্রেসিডেন্সি কলেজের বিভিন্ন বিভাগের অগ্রগতি

রসায়ন বিভাগ কলেজের আদি বাড়ি থেকে নোতুন বাড়িতে স্থানান্তরের ফলে অনেকগুলি ঘর খালি হয়েছে। কলা বিভাগের প্রসার ও উন্নতির জন্য প্রয়োজনানুসারে এই শূন্য ঘরগুলির বিলি-বন্দোবস্ত করার একটি পরিকল্পনাও করা হয়েছে।

কলেজের বিভিন্ন বিজ্ঞান ও কলা বিভাগের উন্নতিসাধনের জন্য বিশ্ববিদ্যালয়ের মঞ্জুরি কমিশনের কাছে আর্থিক সাহায্য চাওয়া হয়েছে। ঐ সব উন্নয়ন পরিকল্পনার মধ্যে রয়েছে

PRESENTED

রসায়ন, পদার্থবিদ্যা, ভূতত্ত্ব এবং উদ্ভিদ্‌বিদ্যা বিভাগসমূহের স্নাতকোত্তর শাখায় পঠন-পাঠনের জন্য উপযোগী যন্ত্রপাতি ও পুস্তকাদি ক্রয় এবং অপরাপর সাধারণ বিভাগগুলিতেও স্নাতকোত্তর স্তরে উন্নীত করার জন্য রয়েছে অনুরূপভাবে প্রয়োজনীয় সামগ্রী ও গ্রন্থাদি কেনার পরিকল্পনা। আশা করা যায়, এ সব পরিকল্পনা অচিরেই হবে রূপায়িত।

**ছাত্রদের সুযোগ-সুবিধার জন্য কলেজ কর্তৃপক্ষের পরিকল্পনা ও কর্মসূচীঃ**

টি এস স্টার্লিং অছি তহবিলে গচ্ছিত টাকার সুদ থেকে প্রতি শিক্ষাবর্ষের জন্য মাসিক ৪০ টাকা হারে মোট ত্রিশটি বৃত্তির ব্যবস্থা আছে।

ছাত্রছাত্রীদের পঠনপাঠনের সুবিধার জন্যে প্রেসিডেন্সি কলেজে একটি বুক ব্যাংক প্রতিষ্ঠাকল্পে বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের কাছ থেকে আর্থিক সাহায্য পাওয়া গেছে।

ছাত্রছাত্রীদের স্বল্পমূল্যে চা ও জলখাবার সরবরাহের উদ্দেশ্যে প্রেসিডেন্সি কলেজের চীপ ক্যানটিন পুনর্গঠন ও পুনর্বিন্যাসের জন্য প্রয়োজনীয় অর্থসাহায্য প্রার্থনা করে শিক্ষা আধিকারিকের নিকট একটি আবেদন পাঠানো হয়েছে।

ছাত্রছাত্রীদের খেলাধূলায় উৎসাহদান এবং খেলাধূলার মান বৃদ্ধির উদ্দেশ্যে প্রতি বছর ছয় হাজার টাকার আর্থিক মঞ্জুরির জন্য শিক্ষা আধিকারিকের নিকট স্বতন্ত্রভাবে আবেদন করা হয়েছে।

প্রেসিডেন্সি কলেজের প্রাক্তন অধ্যাপক পরলোকগত প্রফুল্লচন্দ্র ঘোষ মহাশয়ের স্মৃতিরক্ষার উদ্দেশ্যে অছি তহবিল গঠন করবার জন্য তাঁর ভ্রাতা প্রতুলচন্দ্র ঘোষ মহাশয় কলেজ কর্তৃপক্ষের হাতে চার হাজার টাকা সমর্পণ করেছিলেন। এই টাকার সুদ থেকে ইংরেজি এম, এ পরীক্ষায় উত্তীর্ণ এবং সর্বাধিক মান প্রাপ্ত এই কলেজের ছাত্র বা ছাত্রীকে প্রতি বছর অধ্যাপক প্রফুল্লচন্দ্র ঘোষ পুরস্কার দেওয়া হচ্ছে।

**বিভিন্ন পরীক্ষার ফল**

বর্তমান কলেজের ছাত্রসংখ্যা মোট ১২৩২। এই সংখ্যার মধ্যে ছাত্রীদের সংখ্যা ৬১৭। ৭২৭ জন ছাত্রছাত্রী বিভিন্ন পরীক্ষায় উত্তীর্ণ হয়ে সরকারী বৃত্তি পেয়েছেন। এঁদের মধ্যে অসচ্ছল অথচ মেধাবী বলে ৬৯৯ জন ছাত্রছাত্রী বৃত্তি পেয়েছেন। ২৬ জন ছাত্রছাত্রীকে ন্যাশনাল সায়ান্স ট্যালেন্‌ট্‌ সার্চ বৃত্তি দেওয়া হয়েছে। এ ছাড়া ২ জন ছাত্রীকে জগদীশ বসু ন্যাশনাল সায়ান্স ট্যালেন্ট সার্চ বৃত্তি দেওয়া হয়েছে।

**কয়েকটি উল্লেখযোগ্য ফল**

বি, এ, পার্ট টু পরীক্ষায় বাঙ্‌লা অনার্সে একজন ছাত্র প্রথম শ্রেণী পেয়েছেন।

সংস্কৃতে পার্ট টু পরীক্ষায় তিনজন প্রথম শ্রেণী পেয়েছেন।

ইংরেজিতে পার্ট ওয়ান পরীক্ষায় একজন পেয়েছেন প্রথম শ্রেণীর অনার্স এবং পার্ট টু-তে প্রথম শ্রেণীর অনার্স পেয়েছেন চারজন।

ইতিহাসে পার্ট ওয়ান ও পার্ট টু অনার্স পরীক্ষায় যথাক্রমে একজন ও তিনজন প্রথম শ্রেণী পেয়েছেন।

দর্শন বিভাগে পার্ট টু পরীক্ষায় একজন প্রথম শ্রেণীর অনার্স পেয়েছেন।

অর্থনীতি বিভাগে পার্ট ওয়ান অনার্স পরীক্ষায় দুইজন এবং পার্ট টু অনার্সে চারজন পেয়েছেন প্রথম শ্রেণী। ১৯৭৬ সালে এম, এ, পরীক্ষার যে ফল প্রকাশিত হয়েছে, তাতে এই বিভাগের তিনজন প্রথম শ্রেণী পেয়েছেন।

রসায়ন বিভাগে পার্ট টু পরীক্ষায় বিশ্ববিদ্যালয়ে যে তিনজন প্রথম শ্রেণীর অনার্স পেয়েছেন, এর ভেতরে দু'জন হলেন এই কলেজের। পিওর কেমিস্ট্রিতে এম. এস-সি'র শেষ পরীক্ষায় এ কলেজের পাঁচজন প্রথম শ্রেণী পেয়েছেন।

পদার্থ বিজ্ঞানে পার্ট ওয়ান পরীক্ষায় বারোজন এবং পার্ট টু পরীক্ষায় পেয়েছেন ষোলোজন প্রথম শ্রেণীর অনার্স।

ভূতত্ত্ব বিভাগে পার্ট ওয়ান পরীক্ষায় একজন এবং পার্ট টু'তে পেয়েছেন চারজন অনার্স।

ভূগোল বিভাগে পার্ট ওয়ান বি.এ. বি.এস্‌সি পরীক্ষায় সাতজন পরীক্ষার্থী পেয়েছেন প্রথম শ্রেণীর অনার্স এবং স্নাতকোত্তর পরীক্ষায় একজন।

জীববিদ্যা বিভাগে স্নাতকোত্তর পরীক্ষায় তিনজন শিক্ষার্থী পেয়েছেন প্রথম শ্রেণী।

উদ্ভিদ্‌বিদ্যা বিভাগে বি, এস্‌-সি, পার্ট টু পরীক্ষায় একজন শিক্ষার্থী প্রথম শ্রেণীর অনার্স পেয়েছেন।

সংখ্যাতত্ত্ব বিভাগে পার্ট টু পরীক্ষায় একজন পেয়েছেন প্রথম শ্রেণীর অনার্স।

গণিত বিভাগে পার্ট টু পরীক্ষায় তিনজন প্রথম শ্রেণীর অনার্স পেয়েছেন।

**অধ্যাপকমণ্ডলীর পরিবর্তন ও অন্যান্য সংবাদ**

এ বছরে অধ্যক্ষের পদে পরিবর্তন হয়েছে। ডক্টর প্রতুলচন্দ্র মুখোপাধ্যায় প্রেসিডেন্সি কলেজের অধ্যক্ষপদ থেকে কল্যাণী বিশ্ববিদ্যালয়ের উপাচার্য পদে ডেপুটেশনে গিয়েছিলেন, তিনি পুনরায় প্রেসিডেন্সি কলেজের অধ্যক্ষ পদে যোগ দিয়েছেন। অধ্যক্ষের পদে বৃত ছিলেন ডঃ শ্রীসুধীরচন্দ্র সোম। সরকারী চাকরির পূর্ণকাল উত্তীর্ণ হওয়ায় তিনি অবসর গ্রহণ করে রসায়নের বিভাগীয় প্রধান পদে পুনর্নিযুক্ত হয়েছেন।

ইতিহাস বিভাগের অধ্যাপক হরিদাস মুখোপাধ্যায় বদলি হয়ে চলে গেলেন হুগলী মহসীন কলেজে। আর এই বিভাগে নবতম অধ্যাপকরূপে যোগদান করলেন এই কলেজেরই প্রাক্তন ছাত্র এবং অক্সফোর্ড বিশ্ববিদ্যালয়ের 'রোডস্‌ স্কলার' শ্রীসৌম্যেন্দ্র ভট্টাচার্য।

অর্থনীতি বিভাগে বিভাগীয় প্রধান হিসেবে দায়িত্বভার নিলেন মৌলানা আজাদ কলেজ থেকে আগত অধ্যাপক টি, এস, ভট্টাচার্য। আর এ বছরের প্রথমেই অধ্যাপক হিসেবে আরেকজন যিনি এসেছেন তিনি হলেন শ্রীঅনুপকুমার সিংহ। গত তেসরা নভেম্বর তারিখে এ বিভাগের সহকারী অধ্যাপক উন্নীত হলেন অধ্যাপকের পদে। ডঃ আর, সেনগুপ্ত, যিনি রিসার্চ অ্যাসোসিয়েট হিসেবে 'সেন্টার ফর ইকোনমিক স্টাডিজে'র সঙ্গে যুক্ত ছিলেন, তিনি চলে গেলেন জহরলাল বিশ্ববিদ্যালয়ে 'অ্যাসোসিয়েট' অধ্যাপকের পদ নিয়ে। ডঃ সেনগুপ্তের সঙ্গে এই বিভাগের যোগ ছিল সুদীর্ঘকালের।

ভূগোল বিভাগে শ্রী পি, কে, মুখোপাধ্যায়ের শূন্য পদে যোগদান করলেন শ্রীপ্রণবকুমার রায়।

রসায়ন বিভাগের প্রধান অধ্যাপকরূপে যোগদান করেছেন, ডঃ শ্রীসুধীরচন্দ্র সোম; অধ্যক্ষ হওয়ার আগে বিভাগীয় প্রধান পদের দায়িত্ব তিনিই বহন করে আসছিলেন। ডঃ শ্রীমিহির চৌধুরী পদত্যাগ করে চলে গেছেন 'ফিজিক্যাল কেমিস্ট্রি'র অধ্যাপকের পদ নিয়ে যাদবপুরের ইন্ডিয়ান অ্যাসোসিয়েসন ফর দি কালটিভেসান্ অব সায়ান্স সংস্থায়। ডঃ বি, সি, সেন যিনি সহকারী অধ্যাপক হিসাবে এখানে কাজ করছিলেন, তিনি উন্নীত হয়েছেন অধ্যাপক পদে। সহকারী অধ্যাপক ডঃ এম, সি, দাস বদলি হয়ে চলে গেলেন 'জলপাইগুড়ি এন্‌জিনিয়ারিং কলেজে' এবং ওখানে যোগদান করলেন অধ্যাপকের পদে। দুইজন লেকচারার ডি. ঘোষ আর এস. দত্ত এই বিভাগ থেকে বদলি হলেন। আর এই বিভাগে যোগদান করলেন লেকচারার হিসাবে আর, দাস।

পদার্থ বিজ্ঞান বিভাগ থেকে তিনজন অভিজ্ঞ শিক্ষকের বদলি হল। ঐ অভিজ্ঞ তিন অধ্যাপক হলেন, সহকারী অধ্যাপক শ্রীসলিলকুমার সরকার, শ্রীসজলকুমার বন্দ্যোপাধ্যায় এবং শ্রীক্ষৌণীশচন্দ্র সেন। বদলির বেলায় শিক্ষকের সংখ্যা তিন হলেও, নতুন করে যাঁরা যোগদান করলেন, সংখ্যায় কিন্তু তাঁরা চার। এই চারজন হলেন, সর্বশ্রী গোপাল সরকার, সমর ঘোষ, দিলীপকুমার ভট্টাচার্য এবং ডঃ বি, কে, বন্দ্যোপাধ্যায়। এই বিভাগের সুদক্ষ বেয়ারার শ্রীশচীন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায় দীর্ঘদিন কাজ করবার পরে এ বছর অবসর গ্রহণ করেছেন।

ভূতত্ত্ব বিভাগের শ্রীমলয়ভূষণ চক্রবর্তী বদলি হয়ে গেলেন পয়লা মে। তাঁর জায়গায় যোগদান করলেন শ্রীগৌরীশংকর ঘটক।

জীববিদ্যা বিভাগে এ বছরে কোনো অদলবদল হয় নি।

উদ্ভিদ্‌তত্ত্ব বিভাগে শ্রী এন. এন, শী বদলি হয়ে চলে গেলেন কৃষ্ণনগরে, তাঁর শূন্য পদে কৃষ্ণনগর কলেজের সহকারী অধ্যাপক ডঃ এস, মুখার্জি যোগদান করেছেন। এই বিভাগে আর একটি পদে ডঃ স্বাতী সেন নিযুক্ত হয়েছেন।

গত মার্চে সংখ্যাতত্ত্ব বিভাগের ডঃ মিলনকুমার গুপ্ত চলে গেলেন কল্যাণী বিশ্ববিদ্যালয়ে বিভাগীয় প্রধান এবং প্রধান অধ্যাপকের পদ নিয়ে। এ কলেজেরই প্রাক্তন ছাত্র শ্রীবরুণকুমার দত্ত যোগদান করলেন লেকচারার হিসেবে।

গণিত বিভাগের বিভাগীয় প্রধান ডঃ বীরেন্দ্রনাথ বসু গত ৩০শে সেপ্টেম্বর অবসর গ্রহণ করলেন। গত ১৯৫৪ খ্রীস্টাব্দ থেকে অবসরের দিনটি অবধি প্রায় সুদীর্ঘ বাইশ বছর ধরে এই বিভাগ এবং কলেজের সংগে তিনি ছিলেন যুক্ত। শ্রীশরৎচন্দ্র গঙ্গোপাধ্যায় এখন বিভাগীয় প্রধান। সহকারী অধ্যাপক ডঃ নন্দদুলাল চক্রবর্তী এখান থেকে চলে গেলেন বর্ধমান বিশ্ববিদ্যালয়ে। ওখানে তিনি হয়েছেন, 'রীডার'।

বাংলা বিভাগে অধ্যাপক অমরেন্দ্র গণাই চন্দননগর কলেজে বদলী হয়েছেন। তাঁর জায়গায় যোগ দিয়েছেন অধ্যাপক মিহিরকুমার দেববর্মণ। অধ্যাপক হরেকৃষ্ণ রায় এখান থেকে বদলী হয়েছেন। তাঁর জায়গায় যোগ দিয়েছেন অধ্যাপক মানব গঙ্গোপাধ্যায়।

**বিভিন্ন অধ্যাপকের বিদেশ যাত্রা ও অন্যান্য নিয়োগ ও গবেষণা**

নিয়োগ, গবেষণা, ভাষণ ইত্যাদি ব্যাপারেও প্রেসিডেন্সি কলেজের বিভিন্ন বিভাগের অধ্যাপকদের খবর অনেক। নানাদিক থেকে এই সাফল্য চোখে পড়ার মতন।

প্রথমে ইতিহাস বিভাগ দিয়েই আরম্ভ করা যাক। 'নেতাজী রিসার্চব্যুরোর' উদ্যোগে যে 'দ্বিতীয় আন্তর্জাতিক নেতাজী সেমিনার' অনুষ্ঠিত হয়ে গেল, সেই সেমিনারে ভাষণ দিলেন

ইতিহাস বিভাগের বিভাগীয় প্রধান ডঃ শ্রীহীরেন্দ্রনাথ চক্রবর্তী ও অধ্যাপক অজয়চন্দ্র বন্দ্যোপাধ্যায়। দিল্লীর নেহরু মেমোরিয়াল মিউজিয়াম ও লাইব্রেরীতে তাঁদের আমন্ত্রণে কলকাতার রাজনৈতিক সংকটের ওপর বক্তৃতা দিয়ে এসেছেন অধ্যাপক ডঃ শ্রীরজতকুমার রায়। দায়িত্বপূর্ণ কাজে নিয়োগের খবরও রয়েছে। বাঙ্‌লা ১৩৮৩ সনে 'বঙ্গীয় সাহিত্য পরিষদে'র কার্যনির্বাহক সমিতি শ্রীকমলকুমার ঘটককে ইতিহাস শাখা এবং চিত্রশালার সদস্য নির্বাচিত করেছেন।

দর্শন বিভাগের ডঃ শ্রীজটিলকুমার মুখোপাধ্যায় বঙ্গীয় সাহিত্য পরিষদের সহকারী সম্পাদক নির্বাচিত হয়েছেন। ডঃ শ্রীসুধীরকুমার নন্দী ইন্ডিয়ান ফিলজফিক্যাল কংগ্রেসের কোষাধ্যক্ষ নির্বাচিত হয়েছেন।

অর্থনীতি বিভাগের অধ্যাপক দীপক বন্দ্যোপাধ্যায় ভিজিটিং ফেলোসিপ্‌ নিয়ে বিদেশ যাত্রা করলেন। ইনি 'হলস্‌ওয়ার্থ রিসার্চ ফেলো' হিসেবে যোগ দিলেন 'ম্যান্‌চেস্টার বিশ্ববিদ্যালয়ে'। ডঃ এম. কে. রক্ষিত. এই বিভাগেরই আরেকজন শিক্ষক. গেছেন 'দিল্লী স্কুল অব ইকনমিক্‌স'-এ। আশা করা যাচ্ছে, ইনি হয়ত শীগ্‌গিরই আসবেন। এই বিভাগের ডঃ আর সেনগুপ্তের তত্ত্বাবধানে 'Problem of Investment Planning in Indian Iron and Steel Industry: The Hindustan Steel Limited, A case Study' যে প্রোজেক্টটি নেওয়া হয়েছিল, এ বছরে তা শেষ হয়েছে। তবে তথ্যের দিক থেকে সাম্প্রতিক করবার জন্য ঐ সমীক্ষার সময়সীমা বাড়ানোর প্রস্তাব করা হয়েছে। ডঃ সেনগুপ্ত উপস্থিত এই বিভাগে নেই. তিনি এখন দিল্লীতে জহরলাল নেহরু বিশ্ববিদ্যালয়ে। বলার অপেক্ষা রাখেন না, যে এই প্রোজেক্‌ট্‌টির পরবর্তী কাজ তাঁর তত্ত্বাবধানে দিল্লীতেই শেষ হবে। ডঃ সেনগুপ্তের সঙ্গে প্রেসিডেন্সি কলেজের অর্থনীতি বিভাগের সম্পর্ক ছিল গভীর। 'জুনিয়ার রিসার্চ ফেলো' শ্রীমতী লিলি দত্তের গবেষণামূলক পত্র এই বিভাগে এবং কলকাতা বিশ্ববিদ্যালয়ের স্নাতকোত্তর বিভাগে উপস্থাপিত করা হয়েছে। Growth of industries in the Eastern Zone of India: 1880-1910' এই বিষয়ের ওপর শ্রীভুবানিশ মিশ্রের গবেষণা এবং শ্রীমতী ধীরা ঘোষের 'কম্‌প্রিহেনসিভ্‌ এরিয়া ডেভলপ্‌মেন্ট প্রোগ্রামে'র ওপর মূল্যায়ণমূলক গবেষণার কাজটি প্রায় সমাপ্তির পথে।

রসায়ন বিভাগে গবেষণার কাজ নানা দিকে প্রসারিত ও বিস্তৃত। কুড়ি জনেরও বেশি রিসার্চ স্কলার নানা বিষয়ে গবেষণায় বৃত রয়েছেন। শ্রীমতী স্নিগ্ধা গঙ্গোপাধ্যায় এবার কলকাতা বিশ্ববিদ্যালয় থেকে পি এইচ. ডি. ডিগ্রী পেয়েছেন।

পদার্থ বিজ্ঞান বিভাগে গবেষকদের কাছে সব থেকে বড়ো খবর হল, এ বছরে U.K- থেকে নিউক্লিয়ার ফিজিক্‌সের উন্নততর গবেষণার জন্য পাওয়া গেছে একটি 'Radium-Berrllium Neutron source'। বিভাগের তিনজন অধ্যাপকের অধীনে 'এক্স-রে', 'রিলেটিভিটি' এবং 'সলিড স্টেট্‌ অব ফিজিক্‌সে'র ওপর নানা গবেষণা চলছে। ডঃ এস, এন, ঘোষাল যিনি বর্তমানে মাধ্যমিক শিক্ষার ডাইরেক্টর এবং এই বিভাগের প্রাক্তন বিভাগীয় প্রধান, তাঁর অধীনেও একটি রিসার্চ স্কিম রয়েছে। বিভিন্ন বিষয়ে একুশটি গবেষণাপত্র এ বছরে এই বিভাগ থেকে তৈরি করে দেওয়া সম্ভব হয়েছে।

ভূতত্ত্ব বিভাগের খবরও অনেক। প্রথমে বিদেশ যাত্রার কথা ধরা যাক। গত এপ্রিল-মে মাসে আট সপ্তাহের জন্য অধ্যাপক এ, কে, সাহা মার্কিন যুক্তরাষ্ট্র ঘুরে এলেন ভারত-মার্কিন যুক্তরাষ্ট্র বিজ্ঞানী বিনিময় পরিকল্পনায়। ভারতীয় জাতীয় বিজ্ঞান আকাদেমির প্রতিনিধি হিসাবে অধ্যাপক সাহা গত জুলাই মাসে দশ দিনের জন্য গেলেন 'U. ,S. S. R. Academy of Science'-এ। ইউ. জি, সি, সায়ান্স কাউন্সিল' এবং 'ইউ. জি. সি আর্থ সায়ান্স প্যানেল'এর সদস্য হিসাবেও ডঃ সাহা কাজ করবার সুযোগ পেয়েছেন। এই বিভাগে নানারকম গবেষণার

কাজ চলছে। ১৯৭৪ সাল থেকে Indian Journal of Earth Sciences নামে একটি রিসার্চ জার্নাল এই বিভাগ থেকে বছরে দুবার প্রকাশিত হয়। এই বিভাগে গবেষণার জন্য U.G.C., C.S.I.R, T.N.S.A. এবং W.I.H.G. ইত্যাদি সংস্থা থেকে নানা আর্থিক সাহায্য পাওয়া যায়। অনেক গবেষণা পত্র ও থিসিস্ তৈরি হয়েছে ও হচ্ছে। অধ্যাপক এ. কে, ব্যানার্জি'র অধীনে শ্রীসুশান্তকুমার মিত্র এবার পি এইচ. ডি. ডিগ্রি পেয়েছেন।

ভূগোল বিভাগেও রিসার্চের কাজ রীতিমত চোখে পড়বার মতন। অধ্যাপক এ, বি, চট্টোপাধ্যায়ের অধীনে অর্থনৈতিক ও সামাজিক ভূগোলের গবেষণা চলছে। 'Application of Glope Analysis technique to Moral Gumani Basin'-এর ওপর রিসার্চ চলছে এ, ব্যানার্জি'র অধীনে, শ্রী এন. সেন গবেষণা চালাচ্ছেন 'Nature of changes of Urban Landscape, Pattern of land use and way of life in Calcutta in recent times.' -এর ওপর। এ ছাড়া আরো গবেষণা চলছে—Water Resource Management সম্পর্কে গবেষণা চলছে শ্রী এ. সেনের অধীনে এবং কৃষি ভূগোলের ওপর কাজ করাচ্ছেন শ্রী পি. সেন। আর একটি মজার কাজের গবেষণা তত্ত্বাবধান করছেন শ্রী এম. ঘোষ। এই কাজটির বিষয় হল. 'Spatial distribution and functional characteristics of Calcutta daily market.'

'Fungy and Myxomycetes'-এর ওপর গবেষকরা কাজ করছেন উদ্ভিদ্ বিদ্যা বিভাগের প্রধান অধ্যাপক ও বিভাগীয় প্রধান ডঃ এ, কে, করের তত্ত্বাবধানে। ডঃ করের অধীনে একজন রিসার্চ স্কলার Myxomycetes of West Bengal এর ওপর গবেষণা সমাপ্ত করে নিয়ে এসেছেন এবং Ph.D.(Sc.) ডিগ্রির জন্য এই গবেষণা দাখিল করা হচ্ছে। এই বিভাগের দুজন সহকারী অধ্যাপক শ্রী এস. কে. ভট্টাচার্য এবং শ্রীবরুণকুমার চট্টোপাধ্যায় কলকাতা বিশ্ববিদ্যালয় থেকে এ বছর পি এইচ. ডি. ডিগ্রি পেয়েছেন।

জীববিদ্যা বিভাগেও নানা বিষয় নিয়ে চলছে গবেষণা। এই বিভাগে এ বছরে তিনজন পেয়েছেন পি এইচ. ডি. ডিগ্রি। ঐ তিনজনই ছিলেন এখানকার ছাত্র,—দীপক চট্টোপাধ্যায়, প্রণবেশ রায় এবং নন্দলাল পাল। এ ছাড়া অন্ততঃ ছয়জন রিসার্চের ব্যাপারে এই বিভাগের সাহায্য নিয়েছেন। এবং এর ভেতর আবার পাঁচজন হলেন বিভিন্ন কলেজের অধ্যাপক। বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের উদ্যোগে কলকাতা বিশ্ববিদ্যালয়ে জীববিদ্যা গবেষণায় আধুনিক প্রবণতার ওপর যে আলোচনা-চক্রের অনুষ্ঠান হয়, সেখানে সভাপতিত্ব করলেন বিভাগীয় প্রধান, অধ্যাপক ডঃ বি. দাশগুপ্ত।

সংখ্যাতত্ত্ব বিভাগের বিভাগীয় প্রধান ডঃ শ্রীঅতীন্দ্রমোহন গুণ উত্তরবঙ্গ বিশ্ববিদ্যালয়ের আমন্ত্রণে গত গ্রীষ্মাবকাশে যোগদান করে এলেন সমাজ বিজ্ঞান গবেষকদের উদ্যোগে অনুষ্ঠিত রিসার্চ মেথডোলজি বক্তৃতা মালায়।

শারীরতত্ত্ব বিভাগে শ্রীরণজিৎ কুমার পাল বিভাগীয় প্রধান ডঃ অচিন্ত্যকুমার মুখোপাধ্যায়ের অধীনে গবেষণা করে পি এইচ. ডি. পেয়েছেন।

**শিক্ষামূলক ভ্রমণ ও সেমিনার**

প্রেসিডেন্সি কলেজে শিক্ষামূলক ভ্রমণের ব্যবস্থাও আছে প্রচুর। বিশেষ করে বিজ্ঞানের ছাত্রদের পক্ষে এ সুযোগ অবারিত। এ বছরে বিভিন্ন বিভাগের ছাত্রছাত্রীদের বাইরে ভ্রমণের একটি সংক্ষিপ্ত তালিকা এইভাবে সাজিয়ে দেওয়া যেতে পারে। তবে সঙ্গে সঙ্গে সেমিনারের কথাও কিছু কিছু বলে নেওয়া দরকার। এই সেমিনারের ব্যাপারেও আমাদের ছাত্র ও অধ্যাপকদের মিলিত উদ্যোগ লক্ষণীয়।

প্রথমে ইংরেজি বিভাগের কথাই ধরা যাক। এই বিভাগের ছেলেমেয়েরা বাইরে যায় নি যদিও, কিন্তু সেমিনারের পক্ষ থেকে বেশ কয়েকটি বিতর্ক ও আলোচনাসভার আয়োজন করেছে।

ইতিহাস বিভাগের অবস্থাও প্রায় অনুরূপ। ইংরেজি বিভাগের একটি সেমিনারে লণ্ডন ব্রিটিশ কাউন্সিলের ডঃ রিচার্ড গ্রেভিন যেমন বক্তৃতা দিয়েছেন ওয়ার্ডস্ওয়ার্থের ওপর, ইতিহাস বিভাগেও তেমনি অনেক বিদেশী বক্তা রয়েছেন। কলকাতার কাছাকাছি জায়গায় ইতিহাসের ছাত্রছাত্রীদের নিয়ে বেড়িয়ে আসা সম্ভব হলেও নানা দুর্বিপাকে বৃহত্তর কোনো শিক্ষামূলক ভ্রমণের আয়োজন এ'রা করতে পারেন নি। এদিকে কলেজের ইতিহাস সেমিনারে ১৯৭৬ সালে যাঁরা বক্তৃতা দিলেন. তাঁদের মধ্যে রয়েছেন পেন্সিল্ভ্যানিয়া বিশ্ববিদ্যালয়ের ডঃ অলাভিন্ রুবিনস্টাইন (বিষয়ঃ চীন-মার্কিন-সোভিয়েট সম্পর্ক); রয়েছেন নিউইয়র্ক সিটি য়ুনিভার্সিটির ডঃ লেনার্ড গর্ডন (বিষয়ঃ ভারত ব্যবচ্ছেদ) এ ছাড়া লণ্ডন বিশ্ববিদ্যালয়ের ডঃ কীর্তি চৌধুরীর (বিষয়ঃ মুঘলযুগের অর্থনৈতিক অবস্থার পরিমাণগত বিচার) বক্তৃতা এবং আই. এন. এ-র কর্ণেল ধীলনের স্মৃতিচারণা স্মরণীয় এবং উল্লেখযোগ্য।

প্রাসঙ্গিকভাবে দর্শন বিভাগের একটি ছেলের কৃতিত্ব লক্ষণীয়। দর্শন বিভাগের দ্বিতীয় বর্ষের ছাত্র শ্রীমান প্রশান্তবিহারী বন্দ্যোপাধ্যায়ের লেখা 'রাসেল—অ্যান অ্যাটম অফ হিউম্যানিজম্' নামে একটি প্রবন্ধ ভারতীয় দর্শন কংগ্রেসের পরবর্তী অধিবেশনে পঠিত হবার জন্য মনোনীত হয়েছে।

রাষ্ট্রনীতি বিভাগে এ বছরে বক্তৃতা শোনবার জন্য স্বাগত জানানো হয়েছে শিকাগো বিশ্ববিদ্যালয়ের প্রফেসর লয়েড রুডলফ্ ও প্রফেসর সুসান রুডল্ফ্কে। এই বিভাগের উদ্যোগে অনুষ্ঠিত সেমিনারে এ'রা 'মডারনিটি অফ ট্রাডিশনের ওপর বক্তৃতা করেছেন। রাষ্ট্রনীতি বিভাগের অধ্যাপক ডঃ সুধীন রায়চৌধুরী ১৯৭৬ সালের ২০ জানুআরি 'প্রেসিডেন্সি কলেজ প্রতিষ্ঠাতৃ দিবসে' অল ইণ্ডিয়া রেডিও আয়োজিত একটি সিম্পোজিয়ামে অংশ গ্রহণ করেন ডঃ আর. সি, মজুমদার, অধ্যাপক হীরেন্দ্র মুখোপাধ্যায় ও সুরজিৎ লাহিড়ী প্রমুখ বিশিষ্ট ব্যক্তিদের সঙ্গে। এ ছাড়া ইনি উত্তরবঙ্গ বিশ্ববিদ্যালয়ে গিয়ে একটি বক্তৃতাও করে এসেছেন। বক্তৃতার বিষয় ছিল 'দি ইন্ডিয়ান্ অ্যাডমিনিস্ট্রেটিভ সার্ভিসঃ ইটস্ ডিক্লাইনিং স্ট্যান্ডার্ড'। এদিকে বর্ধমান বিশ্ববিদ্যালয়ের উদ্যোগে অনুষ্ঠিত একটি সভায় প্রধান অতিথি হিসাবে 'পলিটিকাল সায়ান্স টুডে'র ওপর বক্তৃতা করলেন অধ্যাপক ডঃ অমলকুমার মুখোপাধ্যায়। দুদিন পরে এই সভাতেই 'পাশ্চাত্ত্য রাষ্ট্রচিন্তার উদার ঐতিহ্যে'র ওপর ইনি আরেকটি বক্তৃতা করলেন।

অর্থনীতি বিভাগের প্রধান খবর হল, এই বিভাগের একটি কৃতী ছাত্রী শ্রীমতী শুভ্রা মজুমদার বি. এ. পরীক্ষায় এখানে প্রথম শ্রেণীর অনার্স পাবার পর মার্কিন যুক্তরাষ্ট্রের ব্রান্ডিস্ বিশ্ববিদ্যালয়ে গেলেন পড়তে। বিদেশ থেকেও অবশ্য এখানে এসেছেন অনেকে। এ'রা দিয়েছেন সেমিনারে বক্তৃতা। যাইহোক, দেশি-বিদেশি মিলিয়ে যে-সব বিশিষ্ট ব্যক্তি সেমিনারে বক্তৃতা দিয়েছেন, তাঁরা হলেন. ডঃ ভি, কে, ছোত্তু, (বিষয়ঃ 'পাওআর অ্যান্ড ইনকাম্ ডিস্ট্রিবিউসন'), সুজান পাইন (বিষয়ঃ চীনের শিল্প নীতি), ডঃ দেবেশ ভট্টাচার্য (বিষয়ঃ ভারত-চীনের তুলনামূলক আলোচনা). প্রদোষ নাথ. (বিষয়ঃ ঊনবিংশ শতাব্দীর শেষের দিকে উত্তর বিহারের কৃষি ব্যবস্থা). ও অমিত ঘোষ 'Portfolio decision and consumption decision under uncertainty'-র ওপর বক্তৃতা করেন।

রসায়ন বিভাগেও অত্যন্ত উৎসাহের সঙ্গে সেমিনারের কাজকর্ম হয়েছে। আর গতবারের মত এ সনেও একটি শিক্ষামূলক ভ্রমণ এই বিভাগ থেকে পরিচালিত হয়েছে। দক্ষিণ ভারতের অনেক ল্যাবরেটারী এবং রিসার্চ ইনস্টিটিউসন্ দেখানো হয়েছে বিভাগীয় ছেলেমেয়েদের।

ফিজিক্স্ ডিপার্টমেন্টে পনেরোটি সেমিনার অনুষ্ঠিত হয়েছে। আর সহকারী অধ্যাপক ডঃ এম. জি. বসাক এবং শ্রী ডি পি সরকারের সুযোগ্য পরিচালনায় বিভাগের ছেলেমেয়েরা দক্ষিণ ভারত ঘুরে এসেছে।

সংখ্যাতত্ত্ব বিভাগে জানুয়ারি ও জুলাই মাসে দুটি বিশেষ সেমিনার অনুষ্ঠিত হয়। শ্রীমতী সুমিতা ঘোষ প্রথম সেমিনারে ইউ. এস, এস, আর-এ ছাত্রজীবনে'র ওপর বক্তৃতা করেন। আর দ্বিতীয় সেমিনারে ডঃ পি, কে, সেন যে বিষয়ের ওপর আলোচনা করেন, তা হল, 'Some recent applications of statistics.' শ্রীবিশ্বনাথ দাস এবং দীপংকর বসুর তত্ত্বাবধানে কয়েকজন ছেলেমেয়েকে শিক্ষামূলক ভ্রমণে নিয়ে যাওয়া হয় শান্তিনিকেতন ও শ্রীনিকেতনের 'এ্যাগ্রো-ইকোনমিক রিসার্চ সেন্টারে' এবং 'পল্লীশিক্ষা সদনে'। কলকাতার National Sample Survey Organisation-এও এই বিভাগের পক্ষ থেকে ছেলেমেয়েদের একদিন নিয়ে যাওয়া হয়।

জীববিদ্যা বিভাগের দ্বিতীয় বার্ষিক অনার্সের ছেলেমেয়েরা এবার শিক্ষামূলক ভ্রমণে গিয়েছিল দীঘা এবং জুনপুটে। এ ছাড়া আর যে সেমিনার-বক্তৃতা হয় এই বিভাগে, তাতে প্রাগের ডঃ জারোশ্লাভ পোকামাকড়ের ওপর মাইক্রোস্ পোডিয়া সংক্রমণের বিষয়ে আলোচনা করেন। পূর্বে আরেকদিন ইংল্যান্ডের 'ইম্পিরিয়াল কলেজে'র গার্নহাম সাহেব আলোচনা করেন যে বিষয়ের ওপর, তা হল, 'Toxoplasma, Sarcocystis and related organisms.'

Prof. R. N. De, Fonseka বোটানি ডিপার্টমেন্টের সেমিনারে বক্তৃতা করেন বিশে এপ্রিল।

ভূতত্ত্ব বিভাগে বিদেশী অতিথি হিসাবে এ বছরে বক্তৃতা করেন Fr. B. Chadwick এবং Fr. J. Sadaba Kasov. অধ্যাপক এ. কে. বন্দ্যোপাধ্যায় এবং পি. কে গঙ্গোপাধ্যায় গত সেপ্টেম্বরে দিল্লী গিয়েছিলেন 'হিমালয়ান জিওলজি সেমিনারে' যোগদান করতে। এই বিভাগের সবচেয়ে উল্লেখযোগ্য বৈশিষ্ট্য হল 'ফীল্ড এক্সকারসান'। স্নাতক বিভাগের প্রথম বর্ষের জন্য এই ফীল্ড এক্সকারসন্ নির্দিষ্ট আছে 'মেঘালয়', দ্বিতীয় বর্ষের জন্য 'রাজস্থান' এবং তৃতীয়ের জন্য 'বিহার ও ওড়িশা'। স্নাতকোত্তর দুটি বছরের জন্য রয়েছে 'সিকিম' আর 'রাজস্থান'।

ভূগোল বিভাগের সেমিনারে যে সব বিদেশী অতিথি বক্তৃতা করেন, তাঁরা হলেন Prof. & Mrs. A. O. Rose এবং অধ্যাপক অভিজিৎ গুপ্ত। এই বিভাগের ছেলেমেয়েরা কোলাঘাট, ঝাড়গ্রাম ও তার সংলগ্ন এলাকা, রাজস্থান গুজরাট দিল্লী, উচ্চ গাঙ্গেয় উপত্যকা এবং ঐ সংলগ্ন অঞ্চল ভ্রমণ করেছেন।

বাংলা বিভাগের প্রধান অধ্যাপক ডঃ শ্রীমদনমোহন কুমার শরৎচন্দ্রের বিভিন্ন রচনার পাণ্ডুলিপি, মূল চিঠিপত্র, শরৎচন্দ্রকে লেখা রবীন্দ্রনাথের চিঠিপত্র ও অভিনন্দনপত্র, ব্রিটিশ সরকার কর্তৃক 'পথের দাবী' বাজেয়াপ্তকরণ সম্পর্কিত গোপন নথিপত্র ইত্যাদি ও শরৎচন্দ্রের ব্যবহৃত বহু দুষ্প্রাপ্য জিনিসপত্র সংগ্রহ করেন। সংগৃহীত উপকরণগুলি ৩১শে ভাদ্র ১৩৮৩ (১৭ই সেপ্টেম্বর ১৯৭৬) শরৎচন্দ্রের জন্মশতবর্ষপূর্তি উপলক্ষে বঙ্গীয় সাহিত্য পরিষদের প্রদর্শনীতে প্রদর্শিত হয়। এই উপলক্ষে পরিষদের দুটি সেমিনারে ডঃ শ্রীমদনমোহন কুমার 'শরৎচন্দ্রঃ জীবন ও সাহিত্য' সম্পর্কে আলোচনায় অংশগ্রহণ করেন জাতীয় অধ্যাপক ডঃ শ্রীসুনীতিকুমার চট্টোপাধ্যায়, ঐতিহাসিক ডঃ শ্রীরমেশচন্দ্র মজুমদার, সাহিত্যিক শ্রীপ্রেমেন্দ্র মিত্র ও শ্রীমনোজ বসুর সঙ্গে। ইউনাইটেড স্টেটস ইনফরমেশন সার্ভিসের আহ্বানে ডঃ শ্রীমদনমোহন কুমার "ইয়েল বিশ্ববিদ্যালয় ও প্রথম মার্কিন সংস্কৃতবিদ্ এডওআর্ড এলব্রিজ সলিসবেরি" এবং "রামদুলাল দে ও ইন্দো-মার্কিন বাণিজ্য" বিষয়ে ১৯৭৬ সালে দুটি ভাষণ দেন। ভাষণ দুটি ভয়েস অফ আমেরিকা, ওয়াশিংটন থেকে প্রচারিত হয়।

বাংলা বিভাগের শ্রীহরেকৃষ্ণ রায় গত ১৪ই নভেম্বর ম্যাকসমুলার ভবনে অনুষ্ঠিত 'বাঙলা-জর্মন লিরিক সেমিনারে' বাংলা লিরিকে জর্মন লিরিকের প্রভাবের ওপর একটি প্রবন্ধ পাঠ করেছেন।

১৯৭৬-এ সুকান্ত ভট্টাচার্যের পঞ্চাশ বছর পূর্তি উপলক্ষ্যে বাংলা বিভাগের উদ্যোগে একটি স্মরণসভা অনুষ্ঠিত হয়। ঐ সভায় সভাপতিত্ব করেন বাংলা বিভাগের প্রধান ডঃ মদনমোহন কুমার। প্রধান বক্তা ছিলেন শ্রীরাখাল ভট্টাচার্য ও অধ্যাপক দীপেন্দু চক্রবর্তী। কলেজের বিভিন্ন বিভাগের ছাত্রছাত্রীরা আবৃত্তি, সংগীত ও গীতিআলেখ্যের মাধ্যমে অনুষ্ঠানটি সাফল্যমণ্ডিত করেন।

## গ্রন্থাগার

১৯৭৬-এর ৩রা নভেম্বর পর্যন্ত গৃহীত হিসাবে গ্রন্থাগারের গ্রন্থ সংখ্যা দাঁড়িয়েছে ১,২১,৫৭০ এবং বাঁধানো পত্রিকার সংখ্যা ১৪,৩৪২। এ ছাড়া যে সমস্ত পত্রপত্রিকা বাঁধানো প্রয়োজন সেগুলির সংখ্যাও প্রচুর। ১৯৭৫-৭৬ সালে কেনা বই ও পত্রিকার সংখ্যা যথাক্রমে ২,৪৫৬ ও ১২৪। আলোচ্য বর্ষে ৫৫ খানি বই, পত্রিকা ও পুস্তিকা উপহারস্বরূপ পাওয়া গেছে। এবারে পশ্চিমবঙ্গ সরকারের অনুমত্যানুসারে স্থানীয় ব্যবস্থাপনায় মোট ৯৮৬খানি 'বই ও পত্রিকা' বাঁধানো হয়েছে। এর জন্য ব্যয় হয়েছে ১০,০০০ টাকা।

১৯৭৫-৭৬ সালে মোট ১,৩০,৭২৪ খানি বই ব্যবহৃত হয়েছে। এর মধ্যে বাড়িতে ব্যবহারের জন্য ৪৬,৫০২ খানি এবং বিভিন্ন সেমিনারে ব্যবহারের জন্য ৩,৭২৬ খানি বই দেওয়া হয়েছে।

আর্টস ও ইকনমিক্স এবং পলিটিক্যাল সায়েন্স গ্রন্থাগারের স্থানাভাব সমস্যা পূর্ববৎ। আর্টস গ্রন্থাগারের হলঘরের বেশ কিছুটা অংশ বই রাখার জন্য পার্টিশন তুলে আগেই পৃথক করে নেওয়া হয়েছে। এই ব্যবস্থা আদৌ গ্রন্থাগারের পক্ষে বাঞ্ছনীয় নয়। অনন্যোপায় হয়েই এটা করতে হয়েছে। উক্ত দুটি গ্রন্থাগারের সম্প্রসারণ অবিলম্বে না করতে পারলে স্থানাভাবের সমস্যা অদূর ভবিষ্যতে জটিলতর হয়ে দেখা দেবে।

গ্রন্থাগারের একটি পুস্তক তালিকার সংশোধিত প্রুফকপি মুদ্রণের জন্য তিন দফায় পশ্চিমবঙ্গ সরকারের ছাপাখানায় পাঠানো হয়। শেষ সংশোধিত প্রুফ কপি পাঠানো হয় ১৯৭৬ সালের এপ্রিল মাসে কিন্তু ৩রা নভেম্বর ১৯৭৬ পর্যন্ত পুস্তক তালিকাটি মুদ্রিত হয়ে আসেনি। ছাপাখানার কাজ ত্বরান্বিত হওয়া প্রয়োজন।

পশ্চিমবঙ্গ সরকারের ছাপাখানা থেকে গ্রন্থাগারে ব্যবহার্য ফরম ইত্যাদি সরবরাহের খানিকটা উন্নতি হয়েছে, তবে চাহিদানুযায়ী নয়।

বিগত কয়েক বছরে ছাত্রছাত্রী সংখ্যা যেমন বেড়েছে সেই সঙ্গে বেড়েছে বিভিন্ন বিভাগে গবেষণামূলক কাজকর্ম, ফলে গ্রন্থাগারের কর্মতৎপরতা বহুগুণে বেড়ে গেছে। বিষয়টির গুরুত্ব জানিয়ে কর্তৃপক্ষের নিকট অতিরিক্ত কর্মচারী নিয়োগের আবেদন করা হয়েছে। এ ছাড়া গ্রন্থাগারে বই, সেলফ্ ও আলমারি নিত্য ঝাড়পোছের ব্যবস্থা করা অতি প্রয়োজনীয়। এই কাজের জন্য অতিরিক্ত কর্মচারী নিয়োগের আবেদন কতৃপক্ষের নিকট বহুদিন ধরে করা হয়েছে ও হচ্ছে।

প্রেসিডেন্সী কলেজ গ্রন্থাগার ভারতের শীর্ষস্থানীয় গ্রন্থাগারগুলির মধ্যে অন্যতম। এই কলেজ গ্রন্থাগারের অতুল সম্পদের ব্যাপক ব্যবহারেই এর সার্থকতা। এই বিবেচনায় কলেজ গ্রন্থাগারটি দীর্ঘতর সময় খুলে রাখার প্রস্তাব কর্তৃপক্ষের নিকট করা হয়েছে। বলা বাহুল্য, দীর্ঘতর সময় গ্রন্থাগারটি খুলে রাখলে ছাত্রছাত্রী, শিক্ষক ও রিসার্চ স্কলাররা বিশেষ উপকৃত হবেন। কর্তৃপক্ষের দৃষ্টি এ বিষয়ে আকর্ষণ করা যেতে পারে।

**কলেজ অ্যাথলেটিক ক্লাব**

১৯৭৫-৭৬ সালের এ্যাথলেটিক ক্লাবের বিভিন্ন বিভাগের কার্যাবলী খুবই আশাপ্রদ। বিভিন্ন বিভাগগুলি বেশ কয়েকটি প্রীতি খেলার আয়োজন করেছে।

প্রতি বছরের মত এবারেও বিভিন্ন বিভাগের আন্তঃশ্রেণী প্রতিযোগিতার আয়োজন করা হয়, কিন্তু নানা অসুবিধার জন্য হকি ব্যতীত অন্যগুলি শেষ হতে পারে নি। হকি প্রতিযোগিতায় প্রথম বর্ষ দলগত শ্রেষ্ঠত্বের সম্মান লাভ করে।

আন্তঃ কলেজ ক্রিকেট প্রতিযোগিতায় প্রথম দিকে ভালো ফল করলেও পরবর্তী খেলাগুলোতে খেলোয়াড় কমতে শুরু করে এবং সেন্ট পল্‌স কলেজের সঙ্গে খেলায় পরাজিত হয়।

বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতায় সুবীর দাস পুরুষ বিভাগে এবং মহুয়া ভট্টাচার্য মহিলা বিভাগে উভয়েই ১৫ পয়েন্ট করে লাভ করে ব্যক্তিগত শ্রেষ্ঠত্বের সম্মান অর্জন করে। এই অনুষ্ঠানের সভাপতিত্ব করেন প্রাক্তন ছাত্র শ্রীযুক্ত শিশির মুখোপাধ্যায় এবং অনুষ্ঠানের শেষে বিজয়ী ছাত্রছাত্রীদের তিনি পুরস্কার বিতরণ করেন।

**প্রেসিডেন্সি কলেজ কর্মী সাংস্কৃতিক সংস্থা**

অতীত বছরগুলির মত এবারেও সংস্থার পক্ষে সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে।

**ছাত্র সংসদের কার্যবিবরণী**

ছাত্র সংসদের কার্যাবলী অন্যবারের মত এবারেও সন্তোষজনক। অনিবার্য কারণবশতঃ ছাত্রসংসদের নির্বাচন সম্ভব হয় নি। একটি মনোনীত ছাত্রসংসদ বিভিন্ন বিভাগের কাজগুলি দেখছেন। অত্যন্ত উৎসাহের সঙ্গে সাড়ম্বরে 'নবীনবরণ উৎসব' এই কলেজের ছাত্ররা পুজোর আগে পালন করলেন।

62499

# বিদেশী অতিথি ও বিভিন্ন বক্তৃতামালা

### ইতিহাস বিভাগ

Professor Alvin Z. Rubinstain, University of Pennsylvania, U.S.A.

Dr Leonard Gordon, Brooklyn College, City University of New York.

Dr Kirti Chaudhuri, School of Oriental and African Studies, University of London.

### রাষ্ট্রনীতি বিভাগ

Professor Lloyd Rudolph and Professor Susanne Rudolph, University of Chicago, U.S.A.

### অর্থনীতি বিভাগ

Dr V. K. Chetty, I.S.I. Delhi: Power & Income distribution.

Suzanne Paine, Cambridge: China's Industrial Policy.

Dr Debesh Bhattacharyya, Sydney: India and China—a comparative study.

Prodosh Nath, Centre for Economic Studies: Agricultural Structure in North Bihar in Late 19th Century.

Amit Ghosh, Centre for Economic Studies: Portfolio decisions and consumption decisions under uncertainty.

Anup Kumar Sinha, Presidency College: Some aspects of the problem of rural credit in India.

### ইংরেজি বিভাগ

Richard Gravill, British Council, London: Wordsworth.

### শারীরতত্ত্ব বিভাগ

Dr R. Eccles, Dept. of Physiology, Cardiff Medical College, Cardiff. G. B.

### ভূগোল বিভাগ

Prof. K. A. J. Rose of Macquire University, Sydney, Australia.

Prof. Avijit Gupta of the Department of Geopraphy, University of Singapur.

PRESENTED

## ভূতত্ত্ব বিভাগ

Dr B. Chadwick, University of Exeter, U. K.

Dr I. Sadabakasov, Geologist, Khirgiz Academy of Sciences, U.S.S.R.

## উদ্ভিদ্‌বিদ্যা বিভাগ

Prof. R. N. De Fonseka, Professor of Botany, Colombo University, Sri Lanka.

## জীববিদ্যা বিভাগ

Dr Jaroslav Weiser of Prague, Czechoslovakia.

Prof. P. C. C. Garnham, F.R.S., Imperial College, England.

Dr Anna Czapik, Dept. of Hydrobiology, University of Cracow, Poland.

## সংখ্যাতত্ত্ব বিভাগ

Dr P. K. Sen, Professor of Bio-Statistics & Statistics, University of North Carolina, U.S.A.

Sm. Sumita Ghosh, a pre-Ph.D. trainee in Plasma Physics, P.F.U. University, Moscow.

**Publication and Research Work by Members of the Teaching Staff of Presidency College or by Students and Research Scholars under their guidance during 1976.**

## *BENGALI*

**Coomer, Dr Madan Mohan**

‘ভারত-মার্কিন বাণিজ্যের পথিকৃৎ রামদুলাল দে (১৭৫২-১৮২৫)’ঃ বঙ্গীয় সাহিত্য পরিষৎ, কলিকতা, মে ১৯৭৬।

‘শরৎচন্দ্র’ (শরৎজন্মশতবার্ষিকী উপলক্ষে প্রকাশিত গ্রন্থ)ঃ বঙ্গীয় সাহিত্য পরিষৎ, কলিকাতা, সেপ্টেম্বর ১৯৭৬।

Ram Doolal Dey, Pioneer of Indo-American Trade (SPAN, November 1976)

‘অমল স্মৃতি’ঃ Calcutta Municipal Gazette, **Amal Hom Special Issue,** 1976.

**Majumder, Dr Aditya Prosad**

শরৎ জিজ্ঞাসা—শরৎ শতবার্ষিকী স্মারক গ্রন্থ, সম্পাদনা। প্রকাশকঃ ‘ধ্বনি’। (যন্ত্রস্থ)

**Ganai, Dr Amarendra**

যতীন্দ্রনাথের কবিকৃতি। প্রকাশকঃ ইউ, এন, ধর অ্যান্ড সন্স (সেপ্টেম্বর, ১৯৭৬)।

**Ray, Hare Krishna**

প্রতীক অরণ্য (গ্রন্থ). প্রকাশকঃ প্রাচী-প্রতীচী।

বাঙালির মিলটন চর্চা (গ্রন্থ), প্রকাশকঃ প্রাচী-প্রতীচী।

Artistic Enjoyment and K. C. Bhattacharyya (article); ‘Philosophica’, 1976

**Sardar, Shyamaprasad**

শরৎচন্দ্রের অধ্যয়নক্ষেত্র, ‘শরৎ চর্চা’ (সম্পাঃ ডঃ হরপ্রসাদ মিত্র)।

**Mukhopadhyay, Baidyanath**

‘নবজাগরণ ও মানবিকতাবাদের ভূমিকায় দীনবন্ধুর নাটক (গ্রন্থ)—প্রকাশকঃ ‘বর্ণালী’।

ডিহিকলকাতা ছাড়িয়ে (গ্রন্থ)—প্রকাশকঃ ‘বর্ণালী’।

ভারততীর্থ (গ্রন্থ)—প্রকাশকঃ ‘দাশগুপ্ত অ্যান্ড কোং’।

দীনবন্ধু মিত্রের রচনাবলী (সম্পাদিত গ্রন্থ)—প্রকাশকঃ অখিল ভারত জনশিক্ষা প্রচার সমিতি।

## *ENGLISH*

**Chaudhuri, S.**

Bacon’s *Essays* edited with an Introduction and notes. Oxford University Press, India. (In press)

**Sengupta, K.:**

Congreve’s *The Way of the World*, edited with an Introduction and notes. Oxford University Press, India. (In press)

## *HISTORY*

**Ghatak, Kamal Kumar**

'হিন্দু নবজাগরণ ও বঙ্কিমচন্দ্রের ত্রয়ী' (প্রেসিডেন্সি কলেজ পত্রিকা, ১৯৭৫)

Derozio, the Rebel Teacher (অয়ন. বার্ষিক সংখ্যা: ১৩৮৩)

## *PHILOSOPHY*

**Mookerjee, Dr Jatilcoomar**

(1) How is Cognition known?—(An examination of the views of Mīmāṁsaka Nyāya and Advaita)—Published in the MM. Dr. G. N. Jha Research Institute Bulletin, April, 1976.

(2) The nature of fivefold Superimposition—The views of the author of the Laghucandrikā—Journal of the Mithila Research Institute, June, 1976.

ভারতীয় দর্শনে নীতিবাদ (forthcoming) in Journal of the বঙ্গীয় দর্শন সংসদ

(4) The indeterminate and determinate theories of Perception according to Rāmānuja—Journal of the Mithila Research Institute, October, 1976.

**Nandi, Dr S. K.**

শিল্প ও শিল্পদর্শন (চেতনিক শারদসংখ্যা. ১৩৮৩)

(2) A monologue on Art and Life (ভারতীয় দর্শন কংগ্রেসের পরবর্তী অধিবেশনের জন্য লিখিত।)

**Banerjee, R. N.**

(1) Prof. Rash Behari Das's view of Philosophical Thinking. (The Journal of the Indian Academy of Philosophy, 1976.)

(2) A Critical Notice of an American Publication on Vivekananda's Philosophy.—(The Journal of the Indian Academy of Philosophy, 1976.)

## *POLITICAL SCIENCE*

**Basu Ray Chaudhury, Dr N. C.**

(i) "Politics in West Bengal: Ideological Vorter of Politics" in Iqbal Narain (Ed.) "State Politics in India", 1976.

(ii) "The United Front Committee in West Bengal" in K. Karunakaran (Ed.) "Coalition Governments in India: Problems and Prospects", 1976.

**Rai Chaudhuri. Dr S. K.**

(i) "The President and the Vice-President in the Indian Constitution" (Paper read from the Calcutta Station of All India Radio and awaiting publication).

(ii) "Erosion of Fundamental Rights in India" (to be published in the Calcutta Review).

(iii) "Rashtriya Arthaniti" (revised and enlarged edition under preparation for publication by the West Bengal State Book Board).

**Mukhopadhyay, Dr A. K.**

(i) Political Sociology: An Introductory Analysis—a book published by K. P. Bagchi and Company, Calcutta.

(ii) "Some Models on Indian Modernisation: An Overview", Socialist Perspective, Vol. 3, Special Number.

**Banerji, Dr Arun Kumar**

(i) "Civil Conflict and Undeterred outside Intervention" in Social Science Review, August, 1976.

(ii) "Unburdening an Imperial Legacy: Race, Colour and British Immigration Policy" in India Quarterly, October-December, 1976.

Economics

**Rakshit, Dr M. K.**

'International Trade and Economic activity in a labour-surplus economy' published in Economic and Political Weekly special number, August, 1976.

Geography

**Chatterjee, Professor A. B. with Ghosh, Shri S.**

Sericulture in West Bengal: Paper presented in the symposium on Industrial Development in India, April, 1976.

**Chatterjee, Professor A. B.**

Presented a paper on "The Recent Trends in Social Geography" in the Refresher Course for Under-Graduate College Teachers under the Faculty Development Programme sponsored by the University Grants Commission and Department of Geography, University of Burdwan, in October-November, 1976.

**Sen, Shri N. with Ghosh, S.**

Fluctuating fortunes of Commercial Agriculture and Agro-based industries of Burdwan (nascent period)—submitted to the Geography Department of the Calcutta University for publication with other essays on "The problems of Agricultural Growth".

**Sen, Shri N.**

Fluctuating fortunes of Commercial Agriculture and Agro-based industries Industry—Paper presented in the symposium on Industrial Development in India, April, 1976.

Drafted several chapters of the District Gazeteers of Burdwan, Nadia, Darjeeling, Purulia. (In press.)

**Ghosh, Shri Shyamal with Chatterjee, Dr A. B.**

Sericulture in West Bengal: Paper presented in the symposium on Industrial Development in India, April, 1976.

**Ghosh, Shri Shyamal with Sen, Shri N.**

Fluctuating fortunes of Commercial Agriculture and Agro-based industries of Burdwan (nascent period)—submitted to the Geography Department of the Calcutta University for publication with other essays on "The problems of Agricultural Growth".

## Chemistry

**Shome, Dr S. C. and Co-workers**

(a) Shome, Dr S. C., Gangopadhyay, Dr P. K. and Gangopadhyay, S: Extraction and Spectrophotometric Determination of Ruthenium and Osmium with Thiobenzhydrazide. Talanta, 23, 603 (1976).

(b) Gangopadhyay, S., Gangopadhyay, Dr P. K. and Shome, Dr S. C.: Spectrophotometric Determination of Rhenium with Thiobenzhydrazide. Anal, Chim, Acta, 83, 409 (1976).

(c) Gangopadhyay, S, Gangopadhyay, Dr P. K. and Shome, Dr S. C: Extraction and Spectrophotometric Determination of Platinum with Thiobenzhydrazide. Z. Anal. Chem., 281, 143 (1976).

(d) Gangopadhyay, Dr P. K. and Shome, Dr S. C.: O-Hydroxythiobenzhydrazide for the Spectrophotometric Determination of Osmium. Mikrochim. Acta. (In press.)

(e) Gangopadhyay, Dr P. K. and Shome, Dr S. C: Extraction and Spectrophotometric Determination of Selenium and Tellurium with o-Hydroxythiobenzhydrazide. J. Indian Chem. Soc. (In press.)

(f) Shome, Dr S. C., Mazumdar, Dr M. and Ray, Dr M. P.: Spectrophotometric Determination of Rathenium, Rhodium and Palladium with Monobenzoylthiourea. J. Indian Chem. Soc. (In press.)

(g) Shome, Dr S. C., Mazumdar, Dr M. and Basu, A.: Amperometric Determination of Lead with Thiosalicylamide. J. Indian Chem. Soc. (In press.)

(h) Shome, Dr S. C., Mazumdar, Dr M. and Das, Dr D. K.: Gravimetric and Spectrophotometric Determination of Osmium with N-L-pyridyl-N'-benzoyl thiourea. J. Indian Chem. Soc. (accepted for publication).

**Chaudhuri, Dr M and co-workers**

Bagchi, S. and Chaudhuri, Dr M.: Effect of Temperature on the Charge-transfer Band of Some N-heteroaromatics. J. Phy. Chem., 80(1a), 211, 1976

**Chatterjee, Dr D. N. and co-workers**

(a) Chatterjee, Dr D. N., Bhattacharyya, S. P. and Sarker, M.: Friedal Crafts alkylation of Aromatic hydrocarbons with the lactone of 2-hydro-xycyclopentene acetic acid. Current Science. (In press.)

(b) Chatterjee, Dr D. N. and Chakravorty, S. R.: Studies in the Rearrangement of Spirances, Part V. J. Indian Chem. Soc. (In press.)

(c) Chatterjee, D. N and Chakravorty, S. R: Studies in the Rearragement of Spiranes, Part V. J. Indian Chem. Soc. (in Press)

**Bhowmik, Dr B.**

(a) Solvent effect on the Intramolecular Charge Transfer Spectra. Spectrochimical Acta. (Communicated)

*Physics*

**Basak, Dr B. S. and his research students**

(1) Crystal and Molecular structure of heterocyclic compounds by X-ray diffraction method—Dr B. S. Basak and P. Moulik: Abstract of Biochemical Symposium of BBMRC, Lucknow, 1976, pp.32.

(2) Analysis of abnormal bond lengths of phenanthrenoid group of compounds specially those containing hetero-atom N—Dr Priyobrata Raychowdhury: Ind. J. Physics (1976).

**Raychaudhury, Dr A. K. and his research students**

(1) Einstein-Cartan cosmologies with a magnetic field—Dr A. K. Raychaudhury: Phy. Rev. D 12, 952, 1975.

(2) Nature of the singularity in same Brans-Dicke universes—Dr A. K. Raychaudhury: Progress of Theo. Physics (Japan) 53, May issue, 1975.

(3) Spherically symmetric charged dust distribution in general relativity—Dr A. K. Raychaudhury: Ann. Ins. Henri Prencare A, 22, 229, 1975.

**Sengupta, Dr S. and his students**

(1) The Breathing shell model calculation of the Relative stability of structures of Ionic crystals—A. Ghosh, A. K. Sarkar and A. N. Basu: J. Phys. C. Vol. 8, 1332(1975)

(2) Studies in substitutional defects in Alkali Halide crystals. S. Pal and S. Sengupta: Phys. Stat. Sol. Vol. 68, 703(1975)

(3) Three Body interaction in Breathing Shell Model, S. Sarkar and S. K. Chakraborti: Z. Physik B, Vol. 22,309 (1975)

(4) B. O. Potential and the Polarisable models of Lattice Dynamics S. K. Sarkar and S. Sengup a: Ind. J. Phys. Vol. 49, 836 (1975)

(5) Effect of crystal environment on the Polarisability of Ions. S. K. Chakraborti, S. K. Sarkar and S. Sengupta: Phys. Stat. Sol. (In Press.)

(6) Many Body Interaction and Cauchy Relation—S. K. Sarkar and S. Sengupta: Z. Physik B (In Press)

(7) The Deformable Shell Model calculation of the Lattice Statics and Dynamics of CsBr crystal—A. Ghosh and A. N. Basu: Phys, Rev. B (In Press)

(8) A unified study of the Lattice Statics and Dynamics of CSCI and CSI crystals—A. Ghosh and A. N. Basu: J. Phys. C (In Press)

(9) Perturbation Theoretic Model Approach to the study of Alkali Halides—A. N. Basu and S. Sengupta: Phys. Rev. B. (In Press)

(10) Microscopic Theories for Ionic crystals—S. Sengupta and A. N. Basu (A Review Articles): Centenary Volume of Ind. J. Phys. (In Press)

(11) Model Potentials for Ionic crystals (A Review Article)—A. K. Sarkar and S. Sengupta: Ind. J. Theo. Phys. (In Press)

(12) On some Problems in connection with Born's Theory of Lattice Dynamics—S. K. Sarkar and S. Sengupta: Proc. Roy. Soc.

(13) Volume change in some substitutional alloys—S. K. Das, D. Roy and S. Sengupta: J. Phys. F. (Communicated.)

(14) An Electron Fluid Model for the Lattice Dynamics of Metals S. K. Das, D. Roy and S. Sengupta: Pramana (Communicated)

(15) An Election Fluid Model for Metals—Application to Alkali metals—S. K. Das, D. Roy and S. Sengupta: Phys. Rev. B. (Communicated.)

**Ghoshal, Dr S. N. and Bandyopadhyay, Dr B. K.**

(1) Inelastic interactions of Protons with Emulsion nuclei at 22.6 GeV, 24 GeV and 70 GeV (Accepted for publication in Acta Physica Austriaca, (Euro Physics, Journal) Austria, 1976)

*Geology*

**Banerjee, Dr A. K.**

On the evolution of the Singhbhum nucleus, Eastern India: Quart. J. Geol. Min. Met. Soc. Ind., V. 47(i), 1975

**Banerjee, Dr A. K. jointly with Raha, B.**

On post-Kolhan Deformation in the Bara Jamda Ore Region, Bihar & Orissa; Ind. Jour. Earth Sciences, Vol. 2(i), pp. 104—106, 1975.

**Saha, Dr A. K. jointly with Bhattacharya, Dr C. and Lakshmipatty, Dr S.**

Quantitative studies on migmatities of Tulin, Purulia district, West Bengal: Jour. of Earth Sciences, V. 3(i), 1976.

**Gangopadhyay, Dr P. K.**

(1) Structural Characteristics of the Buxa Group in Buxa Duar region, Jalpaiguri district, West Bengal: Himalayan Geology, V. 6, 1976, jointly with T. K. Pyne).

(2) Structural framework of Himalayan foothill region in Darjeeling district, West Bengal, with special reference to Dahling—Darjeeling and Gondwana rocks: Proceedings, Seminar on Himalayan Geology, New Delhi. 1976.

**Mukhopadhyay, Dr D.**

Precambrian stratigraphy of Singhbhum—some problems and prospect: Indian Journal of Earth Sciences, V. 3(ii), 1976.

**Bose, Dr M. K.**

(1) Alkali felspars from some magmatic suites of India: Indian Journal of Earth Sciences, V. 3(1), 1976.

(2) Charnockitic rocks from north of Kunavaram, Khamman, A. P: Prof. Pichamuthu Comm. Vol., Bangalore University, 1976.

**Sarbadhikari, Dr T. R.**

Stratigraphy of the Rajmahal basin—an outline. Presented at the symposium on Rajmahal Rocks. Sahibganj, S. P., 1976.

*Zoology*

**Dasgupta, Dr B. and Pal, N.**

(1) Malaria parasites of the Himalayan Flying squirrel (Demonstration): Transactions of the Royal Society of Tropical Medicine & Hygiene, London, Vol. 69, p. 20, 1975.

(2) Malarial Oocysts in Culicoides Sp. in Darjeeling: Transactions of Royal Society of Tropical Medicine & Hygiene, London, Vol. 70, pp. 89-90, 1976.

(3) A new method of staining tissue sections with Giemsa using common rosin: Current Science, Vol. 45, p. 603, 1976.

**Chaudhuri, D. K., Dasgupta, Dr B. and Roy, P.**

Sex Ratio of Sarcophagid, Muscid and Calliphorid flies in Siliguri City, West Bengal: Oriental Insects, Vol. 10, p. 277-282, 1976.

**Chatterjee, S. N., Mondal S. N. and Mukherjee, A. S.**

Control of DNA replication in Polytene chromosomes of Drosophila: Effect of Actinomycin D and Pauromycin: Abstract submitted at Cell Biology Conference to be held at Benares Hindu University (In the Press.)

**Kar, A. K. and Gupta, S. K.**

Some wood-inhabiting Pyrenomycetes of West Bengal. (In Press of Indian Phytopathology.)

*Physiology*

**Roy, Chaudhuri, Amal and Mukherjee, A. K.**

Cold expouser and testicular ascorbic acid: Ind: J. Exptl. Biol., 14: 176 (1976)

Effect of testestorone propionate and Progesterone on testicular alkaline phosphatase activity in mouse: Ind. J. Exptl. & Biol. 14:325 (1976)

## *Statistics*

**Gun, A. M. and Dasgupta, B. (with Gupta, M. K.)**

(1) 'An Outline of Statistical heory', Vol. I (2nd Edition), World Press, Calcutta (In Press.)

(2) Basic Statistics (2nd Edition), World Press, Calcutta (In Press).

**Gun A. M.**

(1) 'Seasonality in Indian Birth Registration Data' (forthcoming in Indian Journal of Public Health).

(2) 'A Mixture of Hypergeometric Distribution and its Application in - Decision Making' (forthcoming in I.A.P.Q.R. Transactions).

**Das B.**

(1) 'A Joint Test for Mean and Variance of a Normal Population based on Number of Exceedances' (forthcoming in I.A.P.Q.R. Transactions).

**Ghosh S.**

(1) 'Use of a Technique in Set Theory'

(2) 'Four Results Concerning the Theory of Measures'

(3) 'On a Few Measure—Theoretic Techniques and Results'

—All accepted for publication in Bulletin of the Calcutta Mathematical Society.

## AWARDS OF MEDALS AND PRIZES BY THE COLLEGE

*On the results of B. A. and B. Sc. Part I Examination, 1975.*

| | Name of the student | Name of Prize and Medals | Particulars |
|---|---|---|---|
| 1. | Shri Swapan Bhattacharjee (Roll 22) | Scindia Gold Medal now Gold centred and Gwallior Prize Books | First from the College in Honours in Part I (Science) Examination, 1975. |
| 2. | Sm. Manjula Pal (Roll 86) | Ditto | First from the College in Honours in Part I (Arts) Examination, 1975. |
| 3. | Sm. Tapasya Ghosh (Roll 13) | Arun Sarkar Memorial Medal | Highest marks in Bengali Honours in Part I Examination, 1975. |
| 4. | Sm. Manisha Das (Roll 77) | Harish Ch. Kaviratna Prize Books | Highest marks in Sanskrit Honours in Part I Eaxamination, 1975. |
| 5. | Shri Subha Sankar Sarkar (Roll 42) | Chandranath Maitra Medal | Highest marks in Geology in Part I (Science) Examination, among the students of the college. |
| 6. | Shri Ananda Lal (Roll 37) | C.C. Ghosh Memorial Prize Books | Highest marks in English Honours in Part I Arts Examination among the students of 3rd year English Honours class of this college. |
| 7. | (a) Shri Sugata Bose (Roll 27)<br>(b) Shri Probal Kr. Mukherjee (Roll 48) | Rai Bahadur Devendra Chandra Ghosh Prize Books | Highest marks in History Honours in Part I Examination obtained by a student of this college who has been admitted in the 3rd year class of this college. |
| 8. | Shri Ashis Sarkar (Roll 10) | College Prize Books | Highest marks in Geography Honours in Part I (Arts and Science) Examination obtained by a student of this college who has been admitted into the 3rd year class of the college. |
| 9. | Shri Sujit Sinha (Roll 34) | Kunja Behary Basak Medal | Highest marks in Practical Chemistry in the Part I (Science) Examination, 1975, in Chemistry Honours students of the college. |

PRESENTED

*On the results of B. A. and B. Sc. (Three-Year Degree) Course Examination, 1975.*

| | Name of the student | Name of Prize and Medals | Particulars |
|---|---|---|---|
| 10. | Shri Sankar Chattapadhyay (Roll 166) | Cunninghum Memorial Prize Books and Acharyya Prafulla Chandra Centenary Prize Books | Highest marks in Chemistry Honours in B. Sc. Examination among the students of the college. |
| 11. | Shri Kingshuk Choudhury (Roll 65) | College Prize Books | Highest marks in Chemistry Honours among those admitted in 1st year M. Sc. class of the college. |
| 12. | Sm. Anita Mitra (Roll 150) | J. C. Nag Memorial Medal | Highest marks in Botany Honours in B. Sc. Examination among the students of the college. |
| 13. | Shri Amitava Krishna Dutta (Roll 52) | J. C. Sinha Economics Prize Books | Highest marks in Economics Honours in the B. A. Examination among the students of the college. |
| 14. | Sm. Madhumita Mondal (Roll 12) | Kartick Chandra Mallick Memorial Medal | Highest marks in Philosophy Honours in B. A. Examination among the students of the college. |
| 15. | Shri Dhrubajyoti Chakrabarti (Roll 56) | Kuruvilla Zacharia Memorial Prize Books | Highest marks in History Honours in B. A. Examination among the students of the college. |
| 16. | (a) Sm. Suchitra Sen (Roll 79) | Bani Bose Memorial Prize Books | Highest marks in Bengali Honours in B. A. Examination to be distributed equally among two girl students of college securing the two topmost positions. |
| | (b) Sm. Aruna Biswas (Roll 112) | | |
| 17. | Shri Tapabrata Ghosh (Roll 9) | Bibhuti Bhusan Bandyopadhyay Prize Books | Highest marks in Bengali Honours in the B. A. Examination among the students of the college. |
| 18. | Sm. Chitralekha Banerjee (Roll 89) | Prof. Amal Bhattacharyya Memorial Prize Books | Highest marks in English Honours in B. A. Examination among the students of the college. |
| 19. | Shri Sumit Ranjan Das (Roll 56) | Swapan Saha Memorial Prize Books | Highest marks in Physics Honours in B. Sc. Examination among the students of the college. |
| 20. | Sm. Didhiti Biswas (Roll 60) | Nirode Baran Bakshi Memorial Prize Books | First from the college in B. A. (Honours) Final Examination. |
| 21. | Shri Rahul Mukherjee (Roll 40) | Ditto | First from the college in B. Sc. (Honours) Final Examination. |
| 22. | Sm. Indrani Maitra (Roll 43) | Adhyapak Tarak Nath Sen Memorial Prize Books | Highest marks in compulsory Bengali among the students of the college. |

*On the results of M. A. and M. Sc. Examination, 1974.*

| | | |
|---|---|---|
| 23. Shri Aniruddha Ghosh (Roll 60) | Cunninghum Memorial Prize Books | Highest marks in Chemistry among the students of the college. |
| 24. Shri Sekhar Banerjee (Roll 15) | Chandranarayan Gold Centred Medal | Highest marks in History among the students of the college. |
| 25. Sm. Swapna Mukherjee (Roll 46) | Jibanananda Das Prize Books | Highest marks in Bengali among the students of the college. |
| 26. Sm. Keya Roy (Roll 26) | Prof. P. C. Ghosh Memorial Prize Books | Highest marks in English among the students of the college. |

*On the results of the 1st Year Annual Examination, 1975.*

| | | |
|---|---|---|
| 27. Shri Subir Sarkar (Roll 139) | Nistarani Dasi Prize Books | Best Laboratory Note Books in Physics Honours among the 1st year B. Sc. class students of the college. |

*On the results of M. A. and M. Sc. Examination, 1973.*

| | | |
|---|---|---|
| 28. Sm. Chhanda Chatterjee (Roll 8) | Chandra Narayan Gold centred Medal | Highest marks in History among the students of the college. |

*On the results of B. A. and B. Sc. (3 Year Degree Course) Examination, 1974.*

| | | |
|---|---|---|
| 29. Sm. Shanta Ghosh (Roll 46) | College Prize Books | Highest marks in Chemistry Honours among those admitted in the First Year M. Sc. class of the college. |

PRESIDENCY COLLEGE LIBRARY
PRESENTED
2 FEB 1977
CALCUTTA

P. C. MUKHARJI,
*Principal,*
*Presidency College, Calcutta.*

WBGP-76/7-4710C-800